কার্পাসডাঙ্গায় ৩৫ বোতল ফেনসিডিলসহ ২ জন আটক

দামুড়হুদা পুলিশের মাদক বিরোধী অভিযানে ৩৫ বোতল ফেনসিডিলসহ আহসান হাবিব ও আব্দুল মান্নান নামে দুই জনকে আটক করেছে পুলিশ।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ এর দিক নির্দেশনায় আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ৭টার দিকে কার্পাসডাঙ্গা গ্রামস্থ ডন ইট ভাটার সামনের পাকা রাস্তা থেকে তাদেরকে গ্রেফতার করা হয়।

কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস আই আতিকুর রহমান জুয়েল এর নেতৃত্বে এএসআই মসলেম উদ্দিন, এএসআই জাহিদুল ইসলাম সহ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় পুলিশ ফোর্স নিয়ে কার্পাসডাঙ্গা গ্রামস্থ ডন ইট ভাটা এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন অভিযান পরিচালনা করে ৩৫ বোতল ফেনসিডিল সহ দুইজনকে গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতরা হলেন দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কানাইডাঙ্গা গ্রামের জামাত আলীর ছেলে আহসান হাবিব (৩০) ও একই গ্রামের আলী আহম্মেদের ছেলে আব্দুল মান্নান (৩৫)কে আটক করে পুলিশ। আটককৃত আসামিদের কাছ থেকে ৩৫ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। পরে আসামিদের দামুড়হুদা মডেল থানায় সোপর্দ করে। এবিষয়ে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা রুজু হয়েছে।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, ফেনসিডিল সহ দুই জন আটক হয়েছে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে, আসামিদের বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছেl

চুয়াডাঙ্গায় বিভিন্ন আয়োজনের মধ্যে দিয়ে শিক্ষক দিবস পালিত

শিক্ষকের হাত ধরেই শিক্ষা ব্যবস্থার রুপান্তর শুরু’ এই প্রতিপাদ্য কে নিয়েই আজ বৃহস্পতিবার (২৭ অক্টোবর) বিভিন্ন আয়োজনের মধ্যে দিয়ে চুয়াডাঙ্গায় শিক্ষক দিবস পালন করা হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে সকাল দশটার সময় চুয়াডাঙ্গা সরকারি কলেজ চত্বর থেকে একটি র্যালি বাহির হয়ে চুয়াডাঙ্গা বড় বাজার হাসান চত্বর থেকে কবরী রোড হয়ে আবার কলেজে এসে র্যালিটি শেষ হয়।

চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান এঁর নেতৃত্বে র্যালিতে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম সাইফুর রশিদ, চুয়াডাঙ্গা সরকারি কলেজের উপাধ্যক্ষ প্রফেসর রেজাউল করিম, চুয়াডাঙ্গা সরকারি কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক মোঃ সফিকুল ইসলাম, চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃআজিজুর রহমান,চুয়াডাঙ্গা পৌর ডিগ্রি কলেজের অধ্যক্ষ সহ চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন সরকারি ও বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকসহ সহকারী শিক্ষক বৃন্দ উক্ত র্যালিতে উপস্থিত ছিলেন।

এ সময় বক্তারা বলেন, শিক্ষাই জাতির মেরুদণ্ড আর শিক্ষকরা হচ্ছেন জাতি গড়ার কারিগর। শিক্ষকরা আদর্শ মানুষ এবং সমৃদ্ধ জাতি গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। এ সময় তারা আরও বলেন যেহতু শিক্ষক জাতি গঠনের কারিগর তাই সকল শিক্ষক কে নৈতিক চর্চা ও মানবিক কাজ বেশি অবদান রাখতে হবে এবং সকল শিক্ষার্থী যেন শুশিক্ষাই শিক্ষিত হতে পারে সেদিন বিশেষ ভালে লক্ষ রাখতে হবে।

নানা আয়োজনে গাংনীতে শিক্ষক

দিবস পালিত

“শক্ষকদের হাত ধরেই শিক্ষা ব্যবস্থার রুপান্তর শুরু প্রতিপাদ্য” নিয়ে বর্ণাঢ্য শোভাযাত্রা ও আলোচনা সভার মধ্য দিয়ে গাংনীতে শিক্ষক দিবস পালিত হয়েছে।

দিবসটি বৃহস্পতিবার (২৭ অক্টোবর) সকাল সাড়ে ১০টার সময় গাংনী উপজেলা শহীদ মিনার পাদদেশ থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়। পরে উপজেলা পরিষদ চত্বরে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার, গাংনী সরকারি ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, করমদী ডিগ্রী কলেজের অধ্যক্ষ এমদাদ হোসেন, হাড়াভাঙ্গা ডিএস সিনিয়র ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ আব্দুর রাজ্জাক, বাঁশবাড়িয়া টেকনিকেল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ আবুল কালাম আযাদ স্বপন, তেরাইল জোড়পুকুরিয়া ডিগ্রী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাসুমুল হক মিন্টু, গাংনী পাইলট সরকারি ম্যাধমি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লালু, উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) শাজাহান রেজা, উপজেলা সহকারি মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানী, হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান মনি, চিৎলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রফিকুল ইসলাম, করমদী ডিগ্রী কলেজের প্রভাষক আবু সাদাদ মোহাম্মদ সায়েম পল্টু, গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক আফজাল হোসেন, বাশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলিমুজ্জামান, গাংনী পৌর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোমিনুজ্জামান, রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান মিজান, বিডি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এনামুল ইসলাম, এনপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুল ইসলাম, চেংগাড়া সিএফএম মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আল হেলাল, এসএআর বি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইনামুল ইসলাম, বাঁশবাড়িয়া দক্ষিণপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এমদাদুল হক মিন্টু, শিশিরপাড়া প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল মান্নান, ভাটপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তৌহিদুল ইসলাম কাকন, চেংগাড়া প্রাথমিক বিদ্যালয়ের

প্রধান শিক্ষক রাশিদুল ইসলামসহ বিভিন্ন প্রাথমিক, মাধ্যমিক, কলেজ, মাদ্রাসার শিক্ষক ও শিক্ষার্থীরা র্যালিতে অংশ নেন।

মেহেরপুরে শিক্ষক দিবসে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুরে জাতীয় শিক্ষক দিবস পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে বৃহস্পতিবার সকালে মেহেরপুর শহীদ শামসুজ্জোহা পার্ক থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে মেহেরপুর সরকারি কলেজ পর্যন্ত গিয়ে শেষ হয়।

দিবসটি উপলক্ষে মেহেরপুর সরকারি কলেজ কনফারেন্স রুমে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম সরদার।

শিক্ষক দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা করেন বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম, মেহেরপুর সরকারী কলেজের উপাধ্যাক্ষ প্রফেসর আব্দুর রাজ্জাক, জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন, সদর উপজেলা শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, মেহেরপুর সরকারি কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক সহকারী অধ্যাপক কাবিল উদ্দীন, মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল এন্ড বিএম কলেজের হিসাববিজ্ঞান বিভাগের প্রভাষক রফিকুল আলম বকুল, আর আর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান, আশরাফপুর দারুল সুন্নাত মাদ্রাসার শিক্ষক বরকতুল্লাহ, শালিকা প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নুরুল ইসলামসহ বিভিন্ন সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার অধ্যক্ষ, সুপার ও শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

উপস্থাপনায় ছিলেন, মেহেরপুর সরকারি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু ও বিএম

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আতিয়া খন্দকার।

মেহেরপুরে ট্রাফিক পুলিশের অভিযান ৭ টি মোটরসাইকেল জব্দ

রেজিস্ট্রেশন বিহীন মোটরসাইকেল জব্দ অভিযানে ৭ টি মোটরসাইকেল জব্দ করেছে মেহেরপুর ট্রাফিক বিভাগ।

মেহেরপুর ট্রাফিক সার্জেন্ট আসিফ আলীর নেতৃত্বে ট্রাফিক পুলিশের একটি টিম বৃহস্পতিবার (২৭ অক্টোবর) দুপুরের দিকে শহরের বিভিন্ন মোড়ে অভিযান চালিয়ে ৭ টি মোটরসাইকেল জব্দ করে। অভিযান পরিচালনার সময় প্রায় ২২ টি মোটরসাইকেলের কাগজপত্র পরীক্ষা করেন তারা।

অভিযানকালে বৈধ কাগজ না থাকায় ৭ গাড়ি জব্দ করা হয়েছে। অভিযানে এটিএসআই ইয়াহিয়াসহ ট্রাফিক পুলিশের অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে হেরোইন মামলায় মাদক ব্যবসায়ীর যাবজ্জীবন

মেহেরপুরে হেরোইন রাখার অভিযোগ প্রমাণিত হওয়ায় মতিয়ার রহমান নামের এক মাদক ব্যবসায়ীকে যাবজ্জীবন সশ্রম কারাদন্ড দিয়েছে আদালত। একই সাথে ২০ হাজার টাকা জরিমানা আরো ৬ মাসের সশ্রম কারাদন্ড দিয়েছে আদালত।

দন্ডিত মতিয়ার রহমান গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের আনোয়ার হোসেনের ছেলে। রায় ঘোষণার সময় সে পলাতক ছিল।

আজ বৃহস্পতিবার (২৭ অক্টোবর) দুপুর আড়াইটার দিকে মেহেরপুর অতিরিক্ত দায়রা জজ আদালতের বিচারক রিপতি কুমার বিশ্বাস এ রায় দেন। আটকের দিন থেকে তার সাজার মেয়াদ শুরু হবে।

মামলার বিবরণে জানা গেছে ২০১৩ সালের ৬ আগস্ট র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-৬) গাংনী ক্যাম্পের একটি দল গোপন সংবাদে বামন্দী পেট্রোল পাম্পের কাছ থেকে মতিয়ার রহমান কে আটক করেন। এ সময় তার কাছ থেকে ৩০ গ্রাম হেরোইন উদ্ধার করে।

হেরোইন উদ্ধারের ঘটনায় র্যাব-৬ গাংনী ক্যাম্পের সদস্য বাদী হয়ে ১৯৯০ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ১৯(১) ধারার টেবিল ১(খ) ধারায় গাংনী থানায় একটি মামলা দায়ের করেন। যার সেশন নং-১৪৭/১৩।জি আর কেস নং-৫০৬/১৩। মামলার তদন্তকারী কর্মকর্তা প্রাথমিক তদন্ত শেষে আদালতে চার্জশিট দাখিল করেন।

মামলায় ১০ জন সাক্ষীর সাক্ষ্যে আসামি দোষী প্রমাণিত হওয়ায় বিজ্ঞ আদালত তাকে যাবজ্জীবন সশ্রম কারাদন্ড প্রদান করেন। মামলা রাষ্ট্রপক্ষে অতিরিক্ত পিপি কাজি শহীদ কৌশলী ছিলেন।

আলমডাঙ্গায় ২০ কেজি ওজনের গাঁজার গাছসহ আটক ১

আলমডাঙ্গার ভোগাইল বগাদী গ্রাম থেকে ২০ কেজি ওজনের গাঁজার গাছ সহ শিপন মাহমুদ (২৮) কে আটক করেছে পুলিশ।

বুধবার (২৬ শে অক্টোবর) সকাল সাড়ে ১০ টার দিকে আলমডাঙ্গা থানা পুলিশ অভিযান চালিয়ে গাঁজার গাছটি উদ্ধার করে। এ ঘটনায় মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

পুলিশ সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়িয়া ইউনিয়নের ভোগাইল বগাদী গ্রামের ফজলু হকের ছেলে শিলন মাহমুদ।

সে পেশায় একজন দিনমজুর। দীর্ঘদিন যাবৎ ভোগাইল বগাদী গ্রামের মাঠে পান বোরজের চাষ করে। দুর্গম মাঠ হওয়ায় পান বরজের পাশে

গাঁজার চাষ করে। প্রায় ২০ কেজি ওজনের গাঁজার গাছটি আনুমানিক মূল্য ৮০ হাজার টাকা।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) সাইফুল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানা পুলিশ অভিযান চালিয়ে গাঁজার গাছ উদ্ধার করে। এসময় পান বোরজ থেকে গাঁজা চাষীকেও আটক করা হয়। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

আলমডাঙ্গায় প্রেমিকের বিয়ের প্রতিশ্রুতিতে স্বামীকে ডিভোর্স, বিপাকে প্রেমিকা

প্রেমিকের বিয়ের প্রতিশ্রুতিতে স্বামীকে ডিভোর্স দিয়ে বিপাকে পড়েছে গৃহবধূ দোলন চাঁপা। ঘটনাটি আলমডাঙ্গা উপজেলার কুমারী ইউনিয়নের শ্যামপুর গ্রামে ঘটেছে।

এ ঘটনায় প্রেমিক জাহিদুল ইসলাম পলাতক রয়েছে। স্থানীয় মন্ডলদের দফায় দফায় আপোষ মিমাংসের চেষ্টা চালালেও তা ব্যর্থতায় রূপ নেয়। এ ঘটনায় আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ করেছে প্রেমিকা দোলন চাঁপা।

অভিযোগ সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার কুমারী ইউনিয়নের শ্যামপুর গ্রামের জিয়াউর রহমানের মেয়ে দোলন চাঁপা (২২)। গত ৮ বছর পূর্বে নওগাঁ জেলার আত্রায় থানার মতিউর রহমানের সাথে পারিবারিক ভাবে বিবাহ হয়। তাদের দাম্পত্য জীবনে ৪ বছরের একটি কণ্যা রয়েছে।

দোলন চাঁপা স্কুলে লেখাপড়া চলাকালীন সময় শ্যামপুর গ্রামের প্রবাসী আসলামের ছেলে জাহিদুল তাকে বিভিন্ন ভাবে উত্যক্ত করতো।

তাকে বিবাহ না করায় বিবাহের পরেও সে ফোনে বিভিন্ন ভাবে বিরক্ত করতো। গত ৭ মাস পূর্বে দোলন চাঁপা স্বামীর সংসার থেকে বাধ্যতা মূলক তার বাবা মার বাড়িতে আসতে বাধ্য করে জাহিদুল। গোপনে

বিভিন্ন সময় রাতে বিয়ের প্রতিশ্রুতি দিয়ে তার নিজ বাড়িতে রাতের আধারে দৈহিক সম্পর্কে জড়িয়ে পড়ে।

পরবর্তীতে গত (১২ অক্টোবর) জাহিদুল বিবাহ করবে এমন সিদ্ধান্তে দোলন চাঁপা তার স্বামী মতিউর রহমানকে ডিভোর্স দেয়। এরপর থেকে প্রেমিক জাহিদুল যোগাযোগ বিচ্ছিন্ন করে দেয়।

গত বৃহস্পতিবার বিয়ের দাবিতে প্রেমিক জাহিদুলের বাড়িতে বিয়ের দাবিতে অনশন করে প্রেমিকা দোলন চাঁপা। স্থানীয় মন্ডলদের শুরু হয় নাটকীয় আপোশ মিমাংসের খেলা। তাদের নিকট সুরাহ না পেয়ে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ করেছে প্রেমিকা দোলন চাঁপা।

ঝিনাইদহে হিরণ চেয়ারম্যানের বিরুদ্ধে দুদকের মামলা

জ্ঞাত আয় বহির্ভুত সম্পদ অর্জনের দায়ে ঝিনাইদহ সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পোড়াহাটী ইউনিয়নের চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরণের বিরুদ্ধে মামলা হয়েছে।

দুর্নীতি দমন কমিশনের (দুদক) ঝিনাইদহ সমন্বিত অফিসের উপ-পরিচালক জাহিদ কামাল মঙ্গলবার (২৫ অক্টোবর) বাদী হয়ে মামলাটি করেন। দুদকের ঝিনাইদহ অফিস স্থাপনের পর এটিই প্রথম মামলা। মামলায় উল্লেখ করা হয় আসামী শহিদুল ইসলাম হিরণ এক কোটি ৩৩ লাখ ৯৪ হাজার ৩৩৩ টাকা জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জন করেছেন।

এজাহার সুত্রে জানা গেছে, শহিদুল ইসলাম হিরণ ১৯৮৮ সাল থেকে ২০০৩ সাল এবং ২০০৯ সাল থেকে অদ্যবধী পর্যন্ত ঝিনাইদহ সদর উপজেলার ৯ নং পোড়াহাটী ইউনিয়নের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন। দায়িত্ব পালনকালে তিনি নিজে ও তার উপর নির্ভরশীল ব্যক্তিদের নামে ১৮ লাখ ৫৭ হাজার ৪৩৩ টাকার জমি এবং এক কোটি ২০ লাখ টাকা মুল্যমানের বাড়ি নির্মানসহ এক কোটি ৩৮ লাখ ৫৭ হাজার ৪৩৩ স্থাবর, গাড়ি ব্যাবসয়িক পুজি, ইলেক্টিক, ইলেকট্রনিকস ও আসবাবপত্রসহ মোট ২২ লাখ ৭৬ হাজার ৬৭০ টাকার অস্থাবর সম্পদ অর্জন করেছেন।

এ সকল সম্পদ অর্জনের উৎস হিসেবে সম্মানী ভাতা, গৃহ সম্পত্তি, কৃষি ও জমি বিক্রিসহ বিভিন্ন খাত থেকে ৪৫ লাখ ৪৬ হাজার এক’শ টাকার আয় পাওয়া যায়। পারিবারিকসহ অন্যান্য খাতে শহিদুল ইসলাম হিরনের ব্যয় পাওয়া যায় ১৬ লাখ ৬ হাজার ৪৩০ টাকা। আয় থেকে তার ব্যয় বাদ দিলে তার সঞ্চয় থাকে ২৯ লাখ ৩৯ হাজার ৬৭০ টাকা। যার বিপরীতে তার স্থাবর ও অস্থাবর সম্পদ পাওয়া যায় এক কোটি ৬১ লাখ ৩৪ হাজার ৩ টাকা।

এজাহারে উল্লেখ করা হয়, এ ক্ষেত্রে তার জ্ঞাত আয়ের সঙ্গে এক কোটি ৩৩ লাখ ৯৪ হাজার ৩৩৩ টাকার অসঙ্গতিপুর্ন ও জ্ঞাত আয়ের উৎস্য বহির্ভুত সম্পত্তি পাওয়া যায়, যা তিনি দুর্নীতির মাধ্যমে অর্জন করেছেন বলে প্রাথমিক ভাবে প্রতীয়মান হয়। ফলে দুর্নীতি দমন কমিশন আইনের ২০০৪ এর ২৭ (১) ধারায় অপরাধ করায় এ মামলা দায়ের করা হয়।

উল্লেখ্য এর আগে প্রথম অনুসন্ধান কর্মকর্তা ছিলেন দুদকের যশোর অফিসের সহকারি পরিচালক শহিদুল ইসলাম মোড়ল ও দ্বিতীয় অনুসন্ধান কর্মকর্তা হিসেবে সহকারি পরিচালক মোশাররফ হোসেন দায়িত্ব পালন করেন।

মামলার বিষয়ে চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরন বলেন, একটি স্বার্থন্বেষী মহল দুদকের কাছে ভুল তথ্য দিয়ে একটি মামলা করেছে। আমি এর বিরুদ্ধে আইনগত ভাবে মোকাবেলা করব।

মুজিবনগরে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন বিষয়ক সেমিনার

“লঙ্ঘিত হলে ভোক্তা অধিকার অভিযোগ করলেই পাবেন প্রতিকার” “ভোক্তা অধিকার ক্ষুন্ন হলে অধিদপ্তরে প্রতিকার মেলে”
এই প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগর এ অনুষ্ঠিত হয়েছে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন অবহিত করেন ও বাস্তবায়ন বিষয়ক সেমিনার।

বুধবার সকালে মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে, উপজেলা পরিষদ

মিলনায়তনে এই সেমিনার অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসের সভাপতিত্বে এবং উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রবের সঞ্চালনায় সেমিনারে উপস্থিত থেকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন জনগণকে সচেতন করা এবং এই আইন বাস্তবায়নে করনীয় ও ভোক্তার অধিকার বিষয়ে মানুষকে সচেতন করা সহ গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরে বক্তব্য রাখেন, নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ ড: মাহফুজুর রহমান, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, মুজিবনগর থানার সেকেন্ড অফিসার এসআই উত্তম, সাংবাদিক হাসান মোস্তাফিজুর রহমান (শের খান)।

এ সময় উপস্থিত ছিলেন,উপজেলা শিক্ষা অফিসার আলাউদ্দিন, উপজেলা যুব উন্নয়ন অফিসার আব্দুর রকিব, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা জাহাঙ্গীর আলম জাহাঙ্গীর আলমসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী ও সাংবাদিকবৃন্দ।